গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ
এবং
সিনিয়র সচিব, অর্থ বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	১
উপক্রমণিকা	৩
সেকশন ১ঃ রূপকল্প(Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৪
সেকশন ২ঃ বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৫
সেকশন ৩ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৬
সংযোজনী ১ঃ শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১২
সংযোজনী ৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১৪

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the office of the Controller General of Accounts)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক অর্জন ঃ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় এর আওতাধীন প্রধান হিসাবরক্ষণ অফিস, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস, জেলা হিসাবরক্ষন অফিস এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসসমূহে ইন্টারনেট ভিত্তিক iBAS++ পদ্ধতিতে সমন্বিত ভাবে ইন্টারনেট ভিত্তিক বাজেটিং ও একাউন্টিং কার্যক্রম এর আওতায় আনার কার্যক্রম অব্যাহত হয়েছে। আশা করা যায় ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যেই সারাদেশে iBAS++ চালু করা সম্ভব হবে। বর্তমানে EFT পদ্ধতিতে সরকারি কর্মচারিদের বেতন ভাতা পরিশোধ প্রধান হিসাবরক্ষণ অফিস পর্যায় থেকে ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত "আন্তঃ সিএও Interaction Group" এর মাধ্যমে আর্থিক দাবিসমূহ নিস্পত্তি এবং এতদ্‌বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে Uniformity আনয়ন করা সম্ভব হয়েছে। সিজিএ কার্যালয়ের কেন্দ্রীয় Help Desk এর মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্র আরও সহজ ও দ্রততর করা সম্ভব হয়েছে। এছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের সহায়তায় সিজিএ কার্যালয়ের আওতাধীন হিসাবরক্ষণ অফিসসমূহ কর্তৃক প্রদানকৃত সেবাসমূহের বিস্তারিত তথ্য ও করণীয় সম্পর্কিত "সেবাকুঞ্জ" নামের সার্ভিস পোর্টাল ও ফরমস্ পোর্টাল এবং সিজিএ কার্যালয় হতে প্রকাশিত ' হ্যান্ডবুক অন বিল পাসিং চেকলিষ্ট ' সর্বসাধারণের সুবিধার্থে সিজিএ ওয়েব সাইটে উন্মুক্ত করা হয়েছে। ইন্টারনেট ভিত্তিক Online Bill Disposal Status এর মাধ্যমে সেবা প্রত্যাশীগণ হিসাবরক্ষণ অফিসে দাখিলকৃত বিলসমূহের নিস্পত্তির হালনাগাদ অবস্থা জানতে পারছে। জাতীয় বেতন স্কেল-২০১৫ এর আওতায় অদ্যাবধি দাখিলকৃত সরকারি কর্মচারিদের বেতন এবং পেনশন ভোগীর পেনশন Online এ নির্ধারণ করা সম্ভব হয়েছে এবং এ পদ্ধতিতে সরকারি কর্মচারিদের ও পেনশন ভোগীদের পরিপূর্ণ Data Base প্রস্তুত করা সম্ভব হয়েছে। বর্তমানে হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS++ পদ্ধতিতে Online Pay Bill Submission কার্যক্রম এর পাইলটিং শুরু হয়েছে।

চ্যালেঞ্জ ঃ আর্থ-ব্যবস্থাপনার উন্নয়ন ও ব্যয় নিয়ন্ত্রণ, আর্থ-ব্যবস্থাপনা সম্পর্কে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং অফিসসমূহকে পূর্ণ IT Based হিসাব ব্যবস্থাপনার আওতায় আনয়ন।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ সরকারি বাজেট ও হিসাবের নতুন শ্রেণিবিন্যাস কাঠামোর বাস্তবায়ন, iBAS++ ব্যবস্থার আধুনিকায়ন ও সম্প্রসারণ, বেতন-ভাতা, পেনশন, ভবিষ্য তহবিল সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতি ও সেবার মান উন্নয়ন। অনলাইনে LPC প্রেরণ ও পে-বিল দাখিল।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য আধুনিক ও উন্নততর সফটওয়্যার (iBAS++) সংযোজন কাজের উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন;
- সরকারি বাজেট ও হিসাবের নতুন শ্রেণিবিন্যাস কাঠামোর বাস্তবায়ন ;
- Online বেতন ও পেনশন নির্ধারন কার্যক্রমের মাধ্যমে সকল সরকারি কর্মচারি ও পেনশন ভোগীর পরিপূর্ণ Data Base প্রস্তুতকরণ ;
- সার্ভিস ডেলিভারির ক্ষেত্রে বিভিন্ন পর্যায়ে ডিজিটাইজেশন ;
- অনলাইনে এলপিসি প্রেরণ;
- অনলাইনে পে-বিল দাখিল; এবং
- মাঠ পর্যায়ে নতুন নতুন উদ্ভাবনী ধারণার বিস্তার ।

উপক্রমণিকা (Preamble)

সরকারের হিসাব বিভাগের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে অর্থ বিভাগের আওতাধীন হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অর্থ বিভাগ এর মধ্যে ২০১৭ সালের ----জুন----------মাসের----------১৫----- তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন ১

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) ঃ

১.১ **রূপকল্প (Vision) ঃ** সরকারি আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি আধুনিক ও শক্তিশালী করে সুশাসন প্রতিষ্ঠায় অবদান রাখা।

১.২ **অভিলক্ষ্য (Mission) ঃ** সরকারি অর্থ পরিশোধে কার্যকর পূর্ব-নিরীক্ষা সম্পাদন এবং ডিজিটাইজেশন এর মাধ্যমে গুণগত মানসম্পন্ন হিসাব প্রতিবেদন প্রণয়ন করে সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ**

১.৩.১ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. চলমান সরকারি আর্থ-ব্যবস্থাপনায় গতিশীলতা বজায় রাখা;

২. প্রি-অডিট ব্যবস্থা শক্তিশালী করা;

৩. সেবার মান উন্নয়ন;

৪. হিসাব ব্যবস্থা ডিজিটাইজ করা; এবং

৫. পেনশন ব্যবস্থাপনা প্রক্রিয়ার আধুনিকায়ন করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন; এবং

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

১.৪ **কার্যাবলি (Functions) ঃ**

১. নির্ধারিত সময়ে বেতনভাতা ও আনুষঙ্গিক বিল পরিশোধ করা;

২. নির্ধারিত সময়ে পেনশন পরিশোধ করা;

৩. মনিটরিং ও সুপারভিশন উন্নত করা;

৪. বেতন স্কেল, বেতন নির্ধারণ, ছুটি, পেনশন, আনুতোষিক, অবসর সুবিধা, ভ্রমণ ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল বিষয়ে বিভিন্ন আর্থিক বিধানাবলি প্রণয়ন ও আদেশ জারিকরণ;

৫. যথাসময়ে মাসিক হিসাব, আর্থিক হিসাব ও উপযোজন হিসাব প্রস্তুতকরণ;

৬. আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং মিতব্যয়িতা অর্জনের লক্ষ্যে সাংগঠনিক কাঠামো ও আর্থিক বিধি/পদ্ধতি উন্নয়নে পরামর্শ প্রদান এবং ব্যয় নিয়ন্ত্রণ; এবং

৭. প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের প্রিন্সিপাল একাউন্টিং অফিসার (PAO) কে আর্থিক পরামর্শ প্রদান।